

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-১ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.১৬.০১০.১৯-৪২৫

তারিখঃ ২৭ বৈশাখ ১৪২৭।
১০ মে ২০২০।


বিষয় : উপজেলা পরিষদ কর্তৃক বাস্তাবায়নাধীন প্রকল্পের কাজ সম্পাদনের জন্য অনুসরণীয় নির্দেশনা।

সূত্র : জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৩৫, তারিখ: ০৪/০৫/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন উপজেলা পরিষদসমূহ কর্তৃক বাস্তাবায়নাধীন প্রকল্পসমূহের কাজ সম্পাদনের জন্য নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করতে হবে:

- (১) প্রকল্প এলাকায় করোনা ভাইরাস রোগ (কভিড-১৯) বিষয়ক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নির্দেশনা সম্বলিত সাইনবোর্ড স্থাপন করতে হবে;
- (২) শারীরিক ও সামাজিক দূরত্ব রক্ষা করে প্রকল্পসমূহের কাজ সম্পাদন করতে হবে;
- (৩) প্রকল্প কাজে যে সকল শ্রমিক কাজ করবে তারা শারীরিকভাবে সুস্থ কি-না তা নির্ণয়ের জন্য থার্মাল স্ক্যানারের মাধ্যমে তাদের দেহের তাপমাত্রা পরীক্ষা করতে হবে;
- (৪) ট্রাকে করে নির্মাণ সামগ্রী সরবরাহের সময় ট্রাকের সামনে ব্যানারে উপজেলা পরিষদ কর্তৃক বাস্তাবায়নাধীন সুনির্দিষ্ট প্রকল্পের নাম উল্লেখ থাকতে হবে;
- (৫) প্রকল্প কাজ সম্পাদনের জন্য নিয়োজিত শ্রমিকদের প্রয়োজন অনুযায়ী স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী (যেমন: মাস্ক, হ্যান্ডগ্লোভস্, গামবুট, হেলমেট ইত্যাদি) ব্যবহার করতে হবে;
- (৬) প্রকল্প এলাকায় নির্মাণ শ্রমিকদের জন্য সাবান পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা থাকতে হবে এবং প্রয়োজন অনুযায়ী হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ করতে হবে;
- (৭) চলমান প্রকল্প এলাকায় কাজের সময় নির্দিষ্ট কাজের বিবরণ সম্বলিত সাইনবোর্ড স্থাপন করতে হবে;
- (৮) প্রকল্প কাজে নির্মাণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি নিশ্চিত করতে হবে;
- (৯) প্রকল্প কাজে নিয়োজিত নির্মাণ শ্রমিকদের সামাজিক দূরত্ব বজায় রেখে নির্ধারিত নির্মাণ শেডে অবস্থান করতে হবে এবং প্রকল্প কাজ সমাপ্ত না হওয়া পর্যন্ত উক্ত প্রকল্প স্থানে অবস্থান করতে হবে;
- (১০) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ঠিকাদার প্রকল্প কাজে নিয়োজিত নির্মাণ শ্রমিকদের খাদ্য ও স্বাস্থ্য সামগ্রী সরবরাহ করবে;
- (১১) পাথর, সিমেন্ট বা অন্যান্য নির্মাণ সামগ্রী এক জেলা হতে অন্য জেলায় পরিবহনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের অনুমতি গ্রহণ করতে হবে;
- (১২) প্রয়োজন অনুসারে প্রকল্পের কাজ চালানোর বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে অবহিত করতে হবে।

সংযুক্তি: বর্ণনামতে।




(নুমেরী জামান)

উপসচিব

ফোন: ৯৫৬২২৪৭

অনুলিপি:

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: উপসচিব, বিধি-৪ শাখা)।
- ২। অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার (সকল),.....বিভাগ।
- ৫। জেলা প্রশাসক (সকল),.....জেলা।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।



(নুমেদী জামান)
উপসচিব

ফোন: ৯৫৬২২৪৭